বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর।

বিষয়ঃ ২০১৮-১৯ অর্থবছরে বাস্তবায়িতব্য ব্রি'র এডিপিভূক্ত উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচিসমূহের মার্চ/১৯ মাস পর্যন্ত অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়িতব্য ব্রি'র উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচিসমূহের মার্চ/১৯ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ২৯/০৪/২০১৯ তারিখে ব্রি'র সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর। সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

২. উপস্থাপনঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রধান পরিকল্পনা কর্মকর্তা জনাব মুঃ মুনিরুল ইসলাম সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

৩. বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ

গত ২৭/০৩/২০১৯ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীতে সভায় উপস্থিত কর্মকর্তাদের কারো কোন দ্বিমত/মন্তব্য/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।

৪. বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ

৪.১ ২০১৮-১৯ অর্থবছরে এডিপিতে অন্তর্ভূক্ত প্রত্যেকটি প্রকল্প এবং কর্মসূচির অগ্রগতি নির্দিষ্ট সময়ে শতভাগ অর্জন করতে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন। প্রকল্পের অধীনে বৃহৎ নিমার্ণ কাজসহ অন্যান্য নিমার্ণ কাজের অগ্রগতি মানসম্পন্নভাবে করার লক্ষ্যে মনিটরিং কমিটিকে নিবিড়ভাবে পরিবীক্ষণ করতে এবং মনিটিরং কমিটির পাশাপাশি মসজিদ কমিটিও মসজিদ নির্মাণ কাজের তদারকি করবে বলে মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন।

ব্রি'র সদর দপ্তর এবং আঞ্চলিক কার্যালয়ে যে সকল স্থাপনা করা হচ্ছে তার নকশা ভবিষ্যতে ভবন নির্মাণে সহায়তার জন্য প্রধান কার্যালয়ের ইমারত ও নির্মাণ বিভাগ, লাইব্রেরী এবং আঞ্চলিক কার্যালয়সমূহে যথাযথভাবে সংরক্ষণ করতে আবারও মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন এবং সকল নির্মাণ কাজের সাইটে 3D ছবি টাঙ্গানো থাকতে হবে। স্পাইরা প্রকল্পের অধীন প্রধান ও আঞ্চলিক কার্যালয়ের সকল নির্মাণ কাজ যথাযথভাবে তদারকির লক্ষ্যে সিডিউলসহ কার্যাদেশ কপি কাজ শুরুর পূর্বে আঞ্চলিক কার্যালয় প্রধানদের সরবরাহ করতে আবারও নির্দেশ প্রদান করেন।

৪.২ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক স্থানীয় ধানের জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য স্থানীয় ধানের জাত যেমন- কৃষ্ণভোগ, রাণী সেলুট, বিরই, রাধুনী পাগল, টেপি বোরো, রাতা বোরোসহ বিভিন্ন স্থানীয় জাতের গবেষণা নিয়ে সভায় আলোচনা করা হয়। পাশাপাশি সভায় গভীর পানিতে চাষাবাদ উপযোগী ধানের গবেষণা কাজের অগ্রগতি নিয়ে বিভাগীয় প্রধান সভাকে জানান যে, গোপালগঞ্জ ও বরিশাল অঞ্চলের লক্ষ্মীদীঘা, বাঁশিরাজ এবং সিলেট অঞ্চলের লালমোহন, হবিগঞ্জের দুধলাকি, ফুলকড়ি, ফরিদপুরের খইয়া মটর এবং সিরাজগঞ্জের সড়সড়িয়াসহ অন্যান্য স্থানীয় জাতসমূহ নিয়ে গবেষণা অব্যাহত আছে। এ প্রেক্ষাপটে আগামী মে মাসে স্বল্প জলি (Semi-deep) আমন ধানের RYT করার জন্য মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন। এছাড়াও প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/এজেন্ডা বাস্তবায়ন নিয়ে প্রতি মাসে এডিপি সভার পূর্বে একটি সভা আয়োজন করতে মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন।

৪.৩ প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি (এফএমপিএইচটি) বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি প্রতি মাসের এডিপি সভায় উপস্থাপন করা হচ্ছে। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে দেশে উদ্ভাবিত/প্রস্তুতকৃত সহজে ব্যবহার উপযোগী ছোট/বড় যন্ত্রগুলো কৃষকের মাঠে ব্যবহার উপযোগী করতে প্রয়োজনীয় উন্নয়ন করার জন্য আবারও নির্দেশ প্রদান করেন।

৪.৪ পাহাড়ী এলাকার জুম চাষের জন্য উপযোগী/সম্ভাবনাময় স্থানীয় ধানের জাত সংগ্রহ অব্যাহত রাখতে এবং তা থেকে পিওর লাইন নির্বাচন করে নতুন জাত উদ্ভাবন করতে নির্দেশ প্রদান করেন। এছাড়া কসিহিকারি, হকোরিকু এবং তাকানারি নামের জাপানী জাতসহ লাওস পিডিআর১ জাতের বীজ বর্ধনের কাজ ধান ভিত্তিক খামার বিন্যাস বিভাগ পরিচালনা করবে এবং এ সকল জাতের সম্ভাবনা যাচাই করতে মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন।

৪.৫ হাইব্রিড এবং সুপার হাইব্রিড ধানের উপর গবেষণা জোরদারকরণের লক্ষ্যে চীনের সহযোগিতায় একটি হাইব্রিড রিসার্চ সেন্টার স্থাপনের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে ইআরডির সাথে যোগাযোগ করে সরকারের সাথে একটি সমঝোতা স্মারক গ্রহণের উদ্যোগ নিতে হবে। পাশাপাশি জিওবি অর্থায়নে হাইব্রিড প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ শেষ করে মন্ত্রণালয়ে জমা দিতে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।

৪.৬ কেজিএফ বা এ ধরনের কোন অর্থে পাহাড়ী এলাকায় বা অন্য কোন বিষয়ে বিশেষ কোন গবেষণা কার্যক্রম বা প্রকল্প বাস্তবায়ন করতে হলে তা ব্রি'র রাজস্ব বাজেট থেকে বাস্তবায়ন করতে হবে। এছাড়া দ্বৈততাও পরিহার করতে মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন।

৫. ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচি ভিত্তিক গৃহীত কর্ম পরিকল্পনা ও সংগ্রহ পরিকল্পনা অনুযায়ী মার্চ/১৯ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ-

এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পঃ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অধীনে ২০১৮-১৯ অর্থ বছরের এডিপি'তে ০১টি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। মোট এডিপি বরাদ্দ ৭০০০.০০ লক্ষ টাকা। প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। মার্চ/১৯ পর্যন্ত ব্যয় হয়েছে ৫১৭৪.২৪ লক্ষ টাকা; যা বরাদ্দের ৭৩.৯২% মাত্র। গত অর্থবছরে এডিপি বরাদ্দ ছিল ১০১৯৭.০০ লক্ষ টাকা। মার্চ/১৮ পর্যন্ত ব্যয় হয়েছিল ৩৮১০.৯৭% (৪০.৭৭ লক্ষ টাকা)। ২০১৮-১৯ অর্থবছরে ১টি প্রকল্পে মোট ২৭টি দরপত্রের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। মার্চ/১৯ পর্যন্ত সকল দরপত্রের আহবান ও কার্যাদেশ প্রদান সম্পন্ন হয়েছে।

(ক) ২০১৮-১৯ অর্থ বছরে দরপত্র অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা		দরপত্র আহবান (সংখ্যায়)	কার্যাদেশ প্রদান (সংখ্যায়)
	সংখ্যায়	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)		
১.উন্নয়ন প্রকল্প				
১.১ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প (১ম সংশোধিত)	২৭টি	৬১৮৪.৪৪	২৭টি	২৭টি
উপমোট (প্রকল্প)	**২৭টি**	**৬১৮৪.৪৪**	**২৭টি**	**২৭টি**
২.উন্নয়ন কর্মসূচি				
২.১ ধানের ফলন বৃদ্ধিতে পোকামাকড়ের পরিবেশ বান্ধব গবেষণা কার্যক্রম জোরদারকরণ কর্মসূচি	২টি	৩০০.০০	২টি	২টি
২.২ ব্রি'র কৃষিতত্ত্ব বিভাগের উন্নয়ন এবং গবেষণা শক্তিশালীকরণ কর্মসূচি	১টি	৭৪.৪০	১টি	১টি
উপমোট (কর্মসূচি)	**৩টি**	**৩৭৪.৪০**	**৩টি**	**৩টি**
সর্বমোট (১+২)	**৩০টি**	**৬৫৫৮.৮৪**	**৩০টি**	**৩০টি**

(খ) ২০১৮-১৯ অর্থবছরে বাজেট বরাদ্দ ও অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	মোট বরাদ্দ (জিওবি) (পিএ)	মোট অর্থ ছাড় (%) জিওবি (%) পিএ (%) মার্চ/১৯ পর্যন্ত)	মার্চ/১৯ পর্যন্ত অগ্রগতি	গত বছরের মার্চ/২০১৮ পর্যন্ত সময়ে অগ্রগতি	মার্চ/২০১৯ পর্যন্ত বাস্তব অগ্রগতি
			মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	
১. উন্নয়ন প্রকল্প					
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প (১ম সংশোধিত)	৭০০০.০০ (৭০০০.০০) (-)	৫২৫০.০০ (৭৫.০০) ৫২৫০.০০ (৭৫.০০) -	৫১৭৪.২৪ (৭৩.৯২) ৫১৭৪.২৪ (৭৩.৯২) -	২৩৬৭.৮০ (৩০.৭৫) ২৩৬৭.৮০ (৩০.৭৫) -	৮০%
উপমোট = ১টি প্রকল্প	**৭০০০.০০** **(৭০০০.০০)** **(-)**	**৫২৫০.০০ (৭৫.০০)** **৫২৫০.০০ (৭৫.০০)** -	**৫১৭৪.২৪ (৭৩.৯২)** **৫১৭৪.২৪ (৭৩.৯২)** -	**৩৮১০.৯৭ (৪০.৭৭)** **২৫২৮.৯৭ (৩১.৩৬)** **১২৮২.০০ (১০০.০০)**	
২. উন্নয়ন কর্মসূচি					
২.১ পাহাড়ী অঞ্চলে নেরিকাসহ অন্যান্য উন্নত ধানের জাতের গ্রহণযোগ্যতা ও লাভজনকতা নির্ধারণ কর্মসূচি (মোট বরাদ্দ-১৫৪.০০ লক্ষ টাকা)	৬১.০০ (৬১.০০) (-)	৪৫.৭৫ (৭৫.০০) ৪৫.৭৫ (৭৫.০০) -	৪০.৫০ (৬৬.৩৯) ৪০.৫০ (৬৬.৩৯) -	- - -	৭০%

প্রকল্প/কর্মসূচির নাম	মোট বরাদ্দ (জিওবি) (পিএ)	মোট অর্থ ছাড় (%) জিওবি (%) পিএ (%) মার্চ/১৯ পর্যন্ত)	মার্চ/১৯ পর্যন্ত অগ্রগতি	গত বছরের মার্চ/২০১৮ পর্যন্ত সময়ে অগ্রগতি	মার্চ/২০১৯ পর্যন্ত বাস্তব অগ্রগতি
			মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	
২.২ মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকেল্পর চলমান গবেষণা কার্যক্রম জোরদারকরণ কর্মসূচি (মোট বরাদ্দ-১১০.০০ লক্ষ টাকা)	৩৮.০০ (৩৮.০০) (-)	২৮.৫০ (৭৫.০০) ২৮.৫০ (৭৫.০০) -	২৮.৫০ (৭৫.০০) ২৮.৫০ (৭৫.০০) -	- - -	৬৪.৪০%
২.৩ ধানের ফলন বৃদ্ধিতে পোকামাকড়ের পরিবেশ বান্ধব গবেষণা কার্যক্রম জোরদারকরণ কর্মসূচি (মোট বরাদ্দ-৫৮০.২৫ লক্ষ টাকা)	৩৫১.৪৫ (৩৫১.৪৫) (-)	২৬৩.৫৮ (৭৫.০০) ২৬৩.৫৮ (৭৫.০০) -	৮৩.৮৯ (২৩.৮৭) ৮৩.৮৯ (২৩.৮৭) -	- - -	৮৪.২০%
২.৪ ব্রি'র কৃষিতত্ত্ব বিভাগের উন্নয়ন এবং গবেষণা শক্তিশালীকরণ কর্মসূচি (মোট বরাদ্দ-৩৮৬.৭০ লক্ষ টাকা)	১২৯.৪০ (১২৯.৪০) (-)	৯৭.০৫ (৭৫.০০) ৯৭.০৫ (৭৫.০০) -	৯৭.০৫ (৭৫.০০) ৯৭.০৫ (৭৫.০০) -	- - -	৮০.৮০%
উপমোট = ৪টি কর্মসূচি (মোট বরাদ্দ-১২৩০.৯৫ লক্ষ টাকা)	৫৭৯.৮৫ (৫৭৯.৮৫) (-)	৪৩৪.৮৯ (৭৫.০০) ৪৩৪.৮৯ (৭৫.০০) -	২৪৯.৯৪ (৪৩.১০) ২৪৯.৯৪ (৪৩.১০) -	- - -	-
৩. রাজস্ব বাজেট					
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	১০৮২৪.৯১ (১০৮২৪.৯১) (-)	৭৭৮০.৪২ (৭১.৮৮) ৭৭৮০.৪২ (৭১.৮৮) -	৬১৪০.৯০ (৫৬.৭৩) ৬১৪০.৯০ (৫৬.৭৩) -	৬১০৮.১৫ (৫৬.৯৮) ৬১০৮.১৫ (৫৬.৯৮) -	৭৮%
উপমোট	১০৮২৪.৯১ (১০৮২৪.৯১) (-)	৭৭৮০.৪২ (৭১.৮৮) ৭৭৮০.৪২ (৭১.৮৮) -	৬১৪০.৯০ (৫৬.৭৩) ৬১৪০.৯০ (৫৬.৭৩) -	৬১০৮.১৫ (৫৬.৯৮) ৬১০৮.১৫ (৫৬.৯৮) -	-
সর্বমোট (১+২+৩)	**১৮৪০৪.৭৬** **(১৮৪০৪.৭৬)** **(-)**	**১৩৪৬৫.৩১** **(৭৩.১৬)** **১৩৪৬৫.৩১** **(৭৩.১৬)** -	**১১৫৬৫.০৮** **(৬২.৮৪)** **১১৫৬৫.০৮** **(৬২.৮৪)** -	**৯৯১৯.১২ (৪৮.৬২)** **৮৬৩৭.১২ (৪৫.১৮)** **১২৮২.০০ (১০০.০০)**	-

(ঘ) বিবিধঃ

১. নন-এডিপিভুক্ত প্রকল্পের প্রতিবেদন:

প্রকল্পের নাম: Transforming Rice Breeding Through Capacity Enhancement of BRRI (TRB-BRRI) প্রকল্পের মেয়াদ কাল: ১ জানুয়ারী ২০১৬ থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ (৪ বছর), প্রকল্পের মোট বরাদ্দ: ৩১৪০.০০ লক্ষ টাকা (একত্রিশ কোটি চল্লিশ লক্ষ টাকা মাত্র), ২০১৮-১৯ অর্থবছরের বরাদ্দ ৫৫০.০০ লক্ষ টাকা, ২০১৮-১৯ অর্থবছরের মার্চ/২০১৯ পর্যন্ত ব্যয় ৩৮৯.৬৬ লক্ষ টাকা (৭০.৮৫%), ২০১৮-১৯ অর্থবছরের মার্চ/২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ২২৩৮.৬৬ লক্ষ টাকা (৭১.২৯%)।

২. কৃষি মন্ত্রণালয়ের সচিবালয় অংশে ৪৮২৯-গবেষণা/উদ্ভাবনী ব্যয়:

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর গবেষণা কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে ২০১৮-১৯ অর্থ বছরে ৯টি গবেষণা প্রস্তাবের জন্য মোট ১৪৭.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়। তিন কিস্তিতে মোট ১১০.২৫ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। মার্চ/১৯ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৯৫.৮৫ লক্ষ টাকা; যা মোট বরাদ্দের ৬৫.২০% মাত্র। ৯টি গবেষণা কার্যক্রমের অগ্রগতি নিম্নরুপ-

(অংকসমূহ লক্ষ টাকায়)

গবেষণা কার্যক্রম	বর্তমান অর্থবছরের মোট বরাদ্দ	অর্থছাড়	অগ্রগতি (মার্চ/২০১৯ পর্যন্ত) (%)
১. Validation and adaptive field trial of BRRI developed solar light trap	২০.০০	১৫.০০	১৪.৫০ (৭২.৫০)
২. Management of Blast Disease for enhancing rice production in relation to climate change	২০.০০	১৫.০০	১০.০০ (৫০.০০)
৩. Adaptation and out-scaling of some selected rice varieties in stress prone environments	১৫.০০	১১.২৫	১১.০০ (৭৩.৩৩)
৪. Development, Validation and Adoption of Power Weeder for Wet land Rice Cultivation	২০.০০	১৫.০০	১৩.০০ (৬৫.০০)
৫. Management of Emerging rice false smut disease for Enhancing the Adoption of Potential T. Aman Varieties Towards Increasing Rice Productivity under changing climate	১০.০০	৭.৫০	৭.৫০ (৭৫.০০)
৬. Sustainable Management of Climate Associated out breaking Insect Pest, Rice Leaf roller	১০.০০	৭.৫০	৬.৫০ (৬৫.০০)
৭. Development of Suitable Water Management Practices for Improved Irrigated Agriculture in the Haor areas	১৫.০০	১১.২৫	৬.০০ (৪০.০০)
৮. Detection and Quantification of Heavy Metals and Toxins in Rice bran Bran oil and de-oiled Rich Bran	১২.০০	৯.০০	৮.৬০ (৭১.৬৭)
৯. Isolation and Cloning of Salt and Drought Tolerant Gene of rice	২৫.০০	১৮.৭৫	১৮.৭৫ (৭৫.০০)
মোট (গবেষণা কার্যক্রম-৯টি)	**১৪৭.০০**	**১১০.২৫**	**৯৫.৮৫ (৬৫.২০)**

৬. সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ

ক্রঃ নং	সিদ্ধান্ত/সুপারিশসমূহ	বাস্তবায়নকারী কর্মকর্তাগণ
১.	১.১ সকল প্রকল্প/কর্মসূচির নির্দিষ্ট সময়ে অগ্রগতি শতভাগ নিশ্চিত করতে হবে।	সকল প্রকল্প/কর্মসূচি পরিচালকগণ
	১.২ স্পাইরা প্রকল্পের অধীনে বৃহৎ নির্মাণ কাজসহ অন্যান্য নির্মাণ কাজের অগ্রগতি মানসম্পন্নভাবে করার লক্ষ্যে মনিটরিং কমিটি নিবিড়ভাবে তদারকি অব্যাহত রাখবে। এছাড়া মসজিদ নির্মাণ কাজে মসজিদ কমিটিও তদারকি করবে।	প্রকল্প পরিচালক, মনিটরিং কমিটি এবং মসজিদ কমিটি
	১.৩ স্পইরা প্রকল্পের অধীনে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগকৃত সাইট ইঞ্জিনিয়ারদের মাসিক বেতন পরার্মশক প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে আঞ্চলিক কার্যালয় প্রধানের মাধ্যমে প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক/ উপ-প্রকল্প পরিচালক
২.	২.১ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ধানের স্থানীয় জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য ধানের জাত যেমন- কৃষ্ণভোগ, রাণী সেলুট, রাধুনী পাগল, বিরই, টেপি বোরো, রাতা বোরোসহ বিভিন্ন জাতের মধ্য থেকে সম্ভাবনাময় জাত পেলে পিওর লাইন নির্বাচনের মাধ্যমে অথবা স্থানীয় জাতগুলো ক্রসিং করে আরও উন্নতমানের ধানের জাত উদ্ভাবন করতে হবে এবং প্রতি মাসের সভায় তার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ এবং কৌলি সম্পদ ও বীজ বিভাগ

ক্রঃ নং	সিদ্ধান্ত/সুপারিশসমূহ	বাস্তবায়নকারী কর্মকর্তাগণ
	২.২ গভীর পানিতে চাষাবাদ উপযোগী গোপালগঞ্জ ও বরিশাল অঞ্চলের লক্ষ্মীদীঘা, বাঁশিরাজ, সিলেট অঞ্চলের লালমোহন, হবিগঞ্জের দুধলাকি, ফুলকুড়ি, ফরিদপুরের খইয়া মটর এবং সিরাজগঞ্জের সড়সড়িয়া অন্যান্য সংগ্রহোত্তর স্থানীয় জাতসমূহ থেকে পিওর লাইন নির্বাচন করে নতুন নতুন জাত উদ্ভাবন ও তা সংরক্ষণের পাশাপাশি এসব জাতসমূহের আলোক সংবেদনশীলতা পরীক্ষা করতে হবে। এছাড়া আগামী মে মাসে স্বল্প জলি (Semi-deep) আমন ধানের RYT স্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ, ড. এ এস এম মাসুদুজ্জামান, সিএসও, উদ্ভিদ প্রজনন বিভাগ এবং বিভাগীয় প্রধান, কৌলি সম্পদ ও বীজ বিভাগ
	২.৩ প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/এজেন্ডা বাস্তবায়ন নিয়ে প্রতি মাসে এডিপি সভার পূর্বে একটি সভা আয়োজন করতে হবে।	টিওসি (ফোকাল পয়েন্ট)
৩.	প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি প্রতি মাসের এডিপি সভায় উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগ
৪.	৪.১ পাহাড়ী এলাকার জুম চাষের জন্য উপযোগী/সম্ভাবনাময় স্থানীয় ধানের জাত সংগ্রহ অব্যাহত রাখতে এবং তা থেকে পিওর লাইন নির্বাচন করে নতুন জাত উদ্ভাবন করতে হবে।	বিভাগীয় প্রধান, কৌলি সম্পদ ও বীজ বিভাগ এবং উদ্ভিদ প্রজনন বিভাগ
	৪.২ কসিহিকারি, তাকানারি ও হকোরিকু জাতের বীজ বর্ধন কাজ ধান ভিত্তিক খামার বিন্যাস বিভাগ পরিচালনা করবে এবং এ সকল জাতের সম্ভাবনা যাচাই করতে হবে। পাশাপাশি লাওস পিডিআর১ নামক জাতটি উদ্ভিদ প্রজনন বিভাগের নিকট থেকে সংগ্রহ করে বীজ বর্ধন কাজ ধান ভিত্তিক খামার বিন্যাস বিভাগ পরিচালনা করবে।	বিভাগীয় প্রধান, ধান ভিত্তিক খামার বিন্যাস বিভাগ, কৌলি সম্পদ ও বীজ বিভাগ, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ এবং উদ্ভিদ প্রজনন বিভাগ
৫.	হাইব্রিড এবং সুপার হাইব্রিড ধানের উপর গবেষণা জোরদারকরণের লক্ষ্যে চীনের সহযোগিতায় একটি হাইব্রিড রিসার্চ সেন্টার স্থাপনের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে ইআরডির সাথে যোগাযোগ করে সরকারের সাথে একটি সমঝোতা স্মারক গ্রহণের উদ্যোগ নিতে হবে। পাশাপাশি জিওবি অর্থায়নে হাইব্রিড প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ শেষ করে মন্ত্রণালয়ে জমা দিতে হবে।	বিভাগীয় প্রধান, হাইব্রিড রাইস বিভাগ
৬.	কেজিএফ বা এ ধরনের কোন অর্থে পাহাড়ী এলাকায় বা অন্য কোন বিষয়ে বিশেষ কোন গবেষণা কার্যক্রম বা প্রকল্প বাস্তবায়ন করতে হলে তা ব্রি'র রাজস্ব বাজেট থেকে বাস্তবায়ন করতে হবে। এছাড়া দ্বৈততাও পরিহার করতে হবে।	সকল বিভাগীয় প্রধান
৭	কৃষি মন্ত্রণালয়ের সচিবালয় অংশের গবেষণা/উদ্ভাবনী ব্যয় খাতে প্রস্তাব সংক্রান্ত ব্রি'র ০৯টি গবেষণা প্রস্তাবের বাস্তব অগ্রগতি নিয়ে আগামী মে/১৯ মাসের মধ্যে একটি পরিবীক্ষণ ও পর্যালোচনা সভার আয়োজন করতে হবে।	পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ
৮	গত এক বছরে ব্রি থেকে মন্ত্রণালয়ে প্রেরণকৃত রাইটস পুলের ২৪টি লেখনী সংগ্রহ করে একটি পুস্তিকা প্রকাশ করতে হবে।	সিনিয়র লিয়াঁজো অফিসার, মহাপরিচালক-এর দপ্তর

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/২/১৯

(মুঃ মুনিরুল ইসলাম)
প্রধান পরিকল্পনা কর্মকর্তা

(ড. মোঃ শাহজাহান কবীর)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নাম ও পদবী (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ড. মোঃ আনছার আলী, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা), ব্রি।
২. ড. তমাল লতা আদিত্য, পরিচালক (গবেষণা), ব্রি।
৩. ড. মোঃ ইসলাম উদ্দিন মোল্লা, সিএসও এবং প্রধান, প্রশিক্ষণ বিভাগ, ব্রি।
৪. ড. মোহাম্মদ খালেকুজ্জামান, সিএসও এবং বিভাগীয় প্রধান, জিআরএস বিভাগ, ব্রি।
৫. ড. মোঃ আবু বকর ছিদ্দিক, আহবায়ক, প্রাক্কলন যাচাই কমিটি এবং সিএসও ও প্রধান, কৃষি অর্থনীতি বিভাগ, ব্রি।
৬. ড. অভিজিৎ সাহা, সিএসও ও বিভাগীয় প্রধান, আরএফএস বিভাগ, ব্রি।
৭. ড. মোঃ মোস্তাফা কামাল, সিএসও, পরিচালক (গবেষণা) দপ্তর, ব্রি।
৮. ড. মোঃ জামিল হাসান, পিএসও ও বিভাগীয় প্রধান, হাইব্রিড রাইস বিভাগ, ব্রি।
৯. ড. মোঃ আতিকুল ইসলাম, সিএসও (চলতি দায়িত্ব) ও বিভাগীয় প্রধান, ফলিত গবেষণা বিভাগ, ব্রি।
১০. ড. মোঃ এনামুল হক, সিএসও এবং বিভাগীয় প্রধান, জৈব প্রযুক্তি বিভাগ, ব্রি।
১১. ড. মোঃ আলমগীর হোসেন, সিএসও এবং প্রধান, ব্রি আঞ্চলিক কার্যালয়, বরিশাল।
১২. ড. মোঃ তৌফিকুল ইসলাম, সিএসও ও বিভাগীয় প্রধান, সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ, ব্রি।
১৩. জনাব মোঃ রফিকুল ইসলাম, পিএসও এবং প্রধান, ব্রি আঞ্চলিক কার্যালয়, সোনাগাজী।
১৪. ড. মুহাম্মদ আব্দুর রহমান, সিএসও ও বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগ, ব্রি।
১৫. ড. মোঃ হুমায়ুন কবীর, প্রকল্প পরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প এবং পিএসও, ফলিত গবেষণা বিভাগ, ব্রি।
১৬. ড. খোন্দকার মোঃ ইফতেখারুদ্দৌলা, সিআরএফ (টিআরবি - ব্রি), সিএসও (চলতি দায়িত্ব) ও বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ, ব্রি।
১৭. জনাব মোঃ সাইফুল ইসলাম, পিআই, "পাহাড়ী অঞ্চলে নেরিকাসহ অন্যান্য উন্নত ধানের জাতের গ্রহণযোগ্যতা ও লাভজনকতা নির্ধারণ কর্মসূচি" এবং পিএসও, কৃষি অর্থনীতি বিভাগ, ব্রি।
১৮. ড. এস এম শহীদুল্লাহ, পিআই, "মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকেল্পর চলমান গবেষণা কার্যক্রম জোরদারকরণ কর্মসূচি" এবং এসএসও, আর এফ এস বিভাগ, ব্রি।
১৯. ড. মোঃ শহীদুল ইসলাম, পিআই, "ব্রি'র কৃষিতত্ত্ব বিভাগের উন্নয়ন এবং গবেষণা শক্তিশালীকরণ কর্মসূচি" এবং পিএসও, কৃষিতত্ত্ব বিভাগ, ব্রি।
২০. ড. মোঃ আব্দুল লতিফ, পিআই, "Integrated management of blast for the enhancing rice production in relation to climate change" এবং পিএসও ও বিভাগীয় প্রধান, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, ব্রি।
২১. ড. মোঃ আনোয়ারুল হক, পিআই, "Post harvest loss minimization of rice bran for quality rice barn oil" এবং পিএসও, শস্যমান ও পুষ্টি বিভাগ, ব্রি।
২২. ড. বিশ্বজিৎ কর্মকার, পিআই, "Adaptation and out-scaling of some selected rice varieties in stress prone environments" এবং পিএসও, ফলিত গবেষণা বিভাগ, ব্রি।
২৩. ড. মোঃ ইব্রাহিম, পিএসও এবং প্রধান, ব্রি আঞ্চলিক কার্যালয়, সাতক্ষীরা।
২৪. ড. মোঃ এখলাছুর রহমান, পিএসও এবং প্রধান, ব্রি আঞ্চলিক কার্যালয়, ভাঙ্গা।
২৫. ড. আমিনুল ইসলাম, সিএসও এবং প্রধান, ব্রি আঞ্চলিক কার্যালয়, রাজশাহী।
২৬. ড. মোঃ আবদুল মোতালেব, পিএসও এবং প্রধান, ব্রি আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা।
২৭. ড. মোঃ মোফাজ্জল হোসেন, পিএসও এবং প্রধান, ব্রি আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ।
২৮. ড. মোঃ আদিল বাদশাহ, পিএসও, ব্রি আঞ্চলিক কার্যালয়, রংপুর।
২৯. ড. মোঃ মোজাম্মেল হক, এসএসও এবং প্রধান, ব্রি আঞ্চলিক কার্যালয়, হবিগঞ্জ।
৩০. জনাব মুহাম্মদ সাজিদুর রহমান, পিএসও এবং প্রধান, ব্রি আঞ্চলিক কার্যালয়, গোপালগঞ্জ।
৩১. জনাব মোঃ মাহবুবুর রহমান দেওয়ান, এসএসও এবং প্রধান, ব্রি আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া।
৩২. জনাব মোঃ মোসাদ্দেক হোসেন, পিএসও, কীটতত্ত্ব বিভাগ, ব্রি।
৩৩. ড. মোঃ দুররুল হুদা, পিএসও, এফএমপিএইচটি বিভাগ, ব্রি।
৩৪. ড. মোঃ ইসমাইল হোসেন, পিএসও ও বিভাগীয় প্রধান, কৃষি পরিসংখ্যান বিভাগ, ব্রি।
৩৫. ড. বিরাজ কুমার বিশ্বাস, পিএসও, ডব্লিউএমএম বিভাগ, ব্রি।
৩৬. জনাব মোঃ আব্দুল মোমিন, এসএলও, মহাপরিচালক - এর দপ্তর ব্রি।
৩৭. জনাব মুঃ মুনিরুল ইসলাম, প্রধান পরিকল্পনা কর্মকর্তা এবং প্রধান, পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, ব্রি।
৩৮. জনাব মোঃ গোলাম রশীদ, উপ-পরিচালক (অর্থ ও হিসাব), ব্রি
৩৯. জনাব আতিয়া রোখসানা, ঊর্ধ্বতন পরিকল্পনা কর্মকর্তা, পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, ব্রি।
৪০. জনাব মোঃ আবুল কাশেম, প্রযুক্তি সম্পাদক, প্রকাশনা ও জনসংযোগ বিভাগ, ব্রি।
৪১. জনাব মোঃ জাহিদ হাসান, নির্বাহী প্রকৌশলী, ইমারত ও নির্মাণ বিভাগ, ব্রি।
৪২. জনাব এমরান হোসেন, উপ-পরিচালক (প্রশাসন), ব্রি।
৪৩. ড. মোঃ ফজলুল ইসলাম, পিএসও, টিওসি, ব্রি।
৪৪. জনাব মোঃ সাইদুল ইসলাম, পরিকল্পনা কর্মকর্তা, পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, ব্রি।
৪৫. জনাব মোঃ কাওছার আহমদ, সহকারী পরিচালক (সংগ্রহ), ব্রি।
৪৬. জনাব শিমুল বড়ুয়া, ভারপ্রাপ্ত কর্মকর্তা (স্টোর), ব্রি।
৪৭. জনাব দিলীপ কুমার সাহা, অডিট অফিসার (অঃ দাঃ), অডিটসেল , ব্রি।